নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.২৪-১৫০

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪

**পরিপত্র-১**

বিষয় : **৬ষ্ঠ উপজেলা পরিষদের ২য় পর্যায়ের সাধারণ নির্বাচন উপলক্ষে সময়সূচি জারি, সময়সূচির প্রজ্ঞাপন, রিটার্নিং অফিসার সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ, সময়সূচির গণ-বিজ্ঞপ্তি প্রকাশ, আপিল কর্তৃপক্ষ নিয়োগ, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা ও ছবিসহ ভোটার তালিকার ব্যবহার।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুসারে নির্বাচন কমিশন ৬ষ্ঠ উপজেলা পরিষদের ২য় পর্যায়ের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য ০১ এপ্রিল ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নে বর্ণিত সময়সূচি ঘোষণা করেছে:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২১ এপ্রিল ২০২৪<br>০৮ বৈশাখ ১৪৩১ | রবিবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২৩ এপ্রিল ২০২৪<br>১০ বৈশাখ ১৪৩১ | মঙ্গলবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ২৪-২৬ এপ্রিল ২০২৪<br>১১-১৩ বৈশাখ ১৪৩১ | বুধবার-শুক্রবার |
| আপিল নিষ্পত্তি | : | ২৭-২৯ এপ্রিল ২০২৪<br>১৪-১৬ বৈশাখ ১৪৩১ | শনিবার-সোমবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ৩০ এপ্রিল ২০২৪<br>১৭ বৈশাখ ১৪৩১ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দ | : | ০২ মে ২০২৪<br>১৯ বৈশাখ ১৪৩১ | বৃহস্পতিবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২১ মে ২০২৪**<br>**০৭ জ্যৈষ্ঠ ১৪৩১** | **মঙ্গলবার** |
| **ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে** | | | |

২। **সময়সূচির প্রজ্ঞাপন:** নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত উল্লিখিত সময়সূচির আলোকে ০২ এপ্রিল ২০২৪ তারিখে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জারীকৃত প্রজ্ঞাপনের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (সংলগ্নী-১)।

৩। **রিটার্নি অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৮ অনুসারে নির্বাচন কমিশন উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিনিয়র/জেলা নির্বাচন অফিসার/অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত জেলা নির্বাচন অফিসারকে রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন এবং উল্লিখিত নির্বাচন অনুষ্ঠান পরিচালনায় রিটার্নিং অফিসারকে সহায়তাদানের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাচন অফিসারকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছে এবং প্রজ্ঞাপনের অনুলিপি এতদ্‌সংগে প্রেরণ করা হয়েছে (সংলগ্নী-২)।

৪। **সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি:** নির্বাচনি সময়সূচি সম্বলিত প্রজ্ঞাপনে অনুলিপি বিধিমালার বিধি ১৩ এর উপ-বিধি (২) অনুসারে রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং সংশ্লিষ্ট উপজেলার গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে উক্ত প্রজ্ঞাপনের অনুলিপি টাঙ্গিয়ে দিবেন। নির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারির সাথে সাথে আপনাকে বিধিমালার বিধি ১৪ অনুযায়ী উক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানিয়ে সংযোজিত নমুনায় গণবিজ্ঞপ্তি জারি করতে হবে (পরিশিষ্ট-'ক')। গণবিজ্ঞপ্তিতে অনলাইনে মনোনয়নপত্র দাখিলের বিষয়টি অবশ্যই উল্লেখ করতে হবে।

জারীকৃত
৩২৮০ নং ০২/০৪/২৪

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

-১৪০-

৫। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ:** বিধিমালার বিধি ১৭ এর উপ-বিধি (৪) এর অধীন যে প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল বা ক্ষেত্রমতে গ্রহণ করা হয়েছে সে প্রার্থী বা ক্ষেত্রমত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা বিধি ১৮ এর উপ-বিধি (১) ও (২) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের ৩ (তিন) দিনের মধ্যে উক্ত বাতিলাদেশ বা ক্ষেত্রমতে গ্রহণের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক বিধি ১৮ এর উপ-বিধি (৩) অনুযায়ী নিযুক্ত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করতে পারবেন। তদুদ্দেশ্যে নির্বাচন কমিশন বিধিমালার বিধি ১৮ এর উপ-বিধি (৩) অনুযায়ী সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে আপিল কর্তৃপক্ষ নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছে (সংলগ্নী-৩)।

৬। **প্রার্থী হওয়ার যোগ্যতা ও অযোগ্যতার বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ**: উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণ ও পরিচালনার সুবিধার্থে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৮ ধারায় উল্লিখিত যোগ্যতা-অযোগ্যতা সম্বলিত উদ্ধৃতাংশ এতদসংগে প্রেরণ করা হলো (পরিশিষ্ট-খ)।

৭। **ভোটার তালিকার সিডি সংগ্রহ ও মুদ্রণ:** উপজেলা পরিষদ নির্বাচনের জন্য সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকার ছবিসহ ও ছবিছাড়া সিডি জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হতে সংগ্রহ পূর্বক উল্লিখিত নির্বাচনে ব্যবহারের লক্ষ্যে আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ০৩ (তিন) সেট ছবিসহ ভোটার তালিকা লেজার প্রিন্টার মুদ্রণ করার জন্য সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করতে হবে। ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার/সহকারি প্রিজাইডিং অফিসার ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করবেন। তবে প্রার্থী ছবি ছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় করতে হবে। এ বিষয়ে ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ৩০ এর উপ-বিধি (৪)(খ) নিম্নরূপঃ

> "পৌর এলাকার ক্ষেত্রে ওয়ার্ড ভিত্তিক এবং পল্লী এলাকার ক্ষেত্রে ইউনিয়ন ভিত্তিক ছবি ছাড়া ভোটার তালিকার ইলেক্ট্রনিক কপি ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে পরিশোধ সাপেক্ষে সরবরাহ করা যাবে।"

ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর উক্ত বিধি অনুসরণ করে আগ্রহী সকল প্রার্থীকে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে ছবি ছাড়া ভোটার তালিকার সিডি সংগ্রহের জন্য নির্ধারিত অর্থ ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে টাকা জমা দিতে হবে। **ট্রেজারি চালানের কোড নং "১-০৬০১-০০০১-২৬৩১"** (পুরাতন কোড) **অথবা "১০৬-০১০১-১০০১২৫-১৪২৩২৫৩" (নতুন কোড)।** উল্লেখ্য, কোন অবস্থাতেই কোন ভোটার, প্রার্থী, নির্বাচনি এজেন্ট, পোলিং এজেন্ট বা অন্য কাউকেও ছবিসহ ভোটার তালিকার সিডি বিক্রয় করা যাবে না বা তার অনুলিপি প্রদান করা যাবে না। ছবিসহ ভোটার তালিকার কোন ফটোকপিও নির্বাচন কমিশন সচিবালয়ের অনুমতি/নির্দেশনা ছাড়া তৈরি করা যাবে না। ছবিসহ ভোটার তালিকা শুধুমাত্র নির্বাচনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ ব্যবহার করবেন।

৮। **মুদ্রিত ছবিসহ ভোটার তালিকার সাথে ছবিছাড়া সিডি যাচাই:** প্রার্থীদেরকে প্রদত্ত ছবিছাড়া ভোটার তালিকার সিডির সাথে ছবিসহ মুদ্রিত ভোটার তালিকা শতভাগ যাচাই করে ভোটকেন্দ্রে প্রেরণ করতে হবে।

৯। **ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ:** পাবনা, সিরাজগঞ্জ, যশোর, পিরোজপুর, জামালপুর, মানিকগঞ্জ, শরিয়তপুর, চাঁদপুর ও কক্সবাজার জেলার যেসকল উপজেলার নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। সে সকল উপজেলা পরিষদ নির্বাচনের সময়সূচির গণবিজ্ঞপ্তিতে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের বিষয়টি উল্লেখ করতে হবে।

১০। **ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ:** যেসকল উপজেলার নির্বাচন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে, সে সকল উপজেলা পরিষদ নির্বাচনের সময়সূচির গণবিজ্ঞপ্তিতে ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণের বিষয়টি উল্লেখ করতে হবে।

১১। **ব্যালট পেপারের মাধ্যমে নির্বাচনের ক্ষেত্রে ভোটগ্রহণের দিন সকালে ব্যালট পেপার সরবরাহ:** যে সকল উপজেলা পরিষদের নির্বাচন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে সে সকল নির্বাচনী এলাকার সকল ভোটকেন্দ্রে ভোটগ্রহণের দিন সকালে ব্যালট পেপার প্রেরণ করতে হবে। তবে দুর্গম পাবর্ত্য এলাকা, চর, দ্বীপাঞ্চল বা হাওড় বেষ্টিত এলাকার যেসকল ভোটকেন্দ্রে সকালে ব্যালট পেপার পৌছানো সম্ভব হবে না তার তালিকা ন্যূনপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করে মাননীয় কমিশনের অনুমোদন গ্রহণ করতে হবে।

০২/৪/২০২৪

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

প্রাপক:

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
.................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

-১৫৩-

২। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার/অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার/
অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার......... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
৩। উপজেলা নির্বাহী অফিসার,.......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৪। সহকারী কমিশনার (ভূমি)............................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৫। উপজেলা নির্বাচন অফিসার,.......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.২৪-১৫০

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গর্ভনর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, .................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, .................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ........................................(সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ................................ (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. পরিচালক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৬. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও মনোনয়নপত্র অনলাইনে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. জেলা প্রশাসক, .................................... (সকল) ও আপিল কর্তৃপক্ষ
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .................................... (সকল)
২০. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২১. পুলিশ সুপার, .................................... (সংশ্লিষ্ট)
২২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................ (সংশ্লিষ্ট)
২৪. জেলা তথ্য অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৯. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা
৩০. অফিসার ইন-চার্জ, ......................... (সংশ্লিষ্ট)।

০২।৪। ২০২৪

(মোহাম্মদ শাহজালাল)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়- শাখা ২
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

পরিশিষ্ট-ক

## গণ-বিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী ------------ ---------------- উপজেলার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নেবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছেঃ-

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২১ এপ্রিল ২০২৪<br>০৮ বৈশাখ ১৪৩১ | রবিবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২৩ এপ্রিল ২০২৪<br>১০ বৈশাখ ১৪৩১ | মঙ্গলবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ২৪-২৬ এপ্রিল ২০২৪<br>১১-১৩ বৈশাখ ১৪৩১ | বুধবার-শুক্রবার |
| আপিল নিষ্পত্তি | : | ২৭-২৯ এপ্রিল ২০২৪<br>১৪-১৬ বৈশাখ ১৪৩১ | শনিবার-সোমবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ৩০ এপ্রিল ২০২৪<br>১৭ বৈশাখ ১৪৩১ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দ | : | ০২ মে ২০২৪<br>১৯ বৈশাখ ১৪৩১ | বৃহস্পতিবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২১ মে ২০২৪**<br>**০৭ জ্যৈষ্ঠ ১৪৩১** | **মঙ্গলবার** |
| **ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে** | | | |

২। এক্ষণে, সেহেতু, আমি ............................................................, .......................... ও রিটার্নিং
(নাম) (পদবি)

অফিসার,............................................................উপজেলা পরিষদ উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, ..............................................................................উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল **২০২৪/০৮ বৈশাখ ১৪৩১** তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

**৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে (https://onss.ecs.gov.bd) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।**

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ পরিশিষ্ট-খ
-২২-



পদই শূন্য হইলে বা থাকিলে পরিষদের যাবতীয় দায়িত্ব সরকার কর্তৃক নিয়োজিত ব্যক্তি বা কতৃর্পক্ষ সরকার কতৃর্ক নির্ধারিত পদ্ধতিতে পালন করিবে।]

৭। **পরিষদের মেয়াদ** ।-- ধারা ৫৩ এর বিধান সাপেক্ষে, পরিষদের মেয়াদ হইবে উহার প্রথম সভার তারিখ হইতে পাঁচ বৎসর:

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও নির্বাচিত নূতন পরিষদ উহার প্রথম সভায় মিলিত না হওয়া পর্যন্ত পরিষদ কার্য চালাইয়া যাইবে৷

[৮][ ৮। [৭][ **চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের ] যোগ্যতা ও অযোগ্যতা** ।-- (১) কোন ব্যক্তি উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার যোগ্য হইবেন, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;
(খ) তাঁহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হয়; এবং
(গ) তিনি ধারা ১৯ এ উল্লিখিত ভোটার তালিকাভুক্ত হন।

(২) কোন ব্যক্তি চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার এবং থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিকত্ব পরিত্যাগ করেন বা হারান;
(খ) কোন উপযুক্ত আদালত কতৃর্ক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;
(গ) দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;
(ঘ) কোন নৈতিক স্খলনজনিত ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাঁহার মুক্তি লাভের পর পাঁচ বৎসর অতিবাহিত না হইয়া থাকে;
(ঙ) প্রজাতন্ত্রের বা পরিষদের অন্য কোন স্থানীয় কতৃর্পক্ষের কোন লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত থাকেন;
(চ) তিনি জাতীয় সংসদে সদস্য বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের চেয়ারম্যান বা সদস্য হন বা থাকেন;
(ছ) কোন বিদেশী রাষ্ট্র হইতে অনুদান বা তহবিল গ্রহণ করে এইরূপ বেসরকারি সংস্থার প্রধান নির্বাহী পদ হইতে পদত্যাগ বা অবসর গ্রহণ বা পদচ্যুতির পর এক বৎসর অতিবাহিত না হইয়া থাকেন;
(জ) কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সংশ্লিষ্ট

উপজেলা এলাকায় সরকারকে পণ্য সরবরাহ করিবার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোন চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তাঁহার নিজ নামে বা তাঁহার ট্রাস্টি হিসাবে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে বা তাঁহার সুবিধার্থে বা তাঁহার উপলক্ষে বা কোন হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসাবে তাঁহার কোন অংশ বা স্বার্থ আছে এইরূপ চুক্তিতে আবদ্ধ হইয়া থাকেন;

ব্যাখ্যা।—উপরি-উক্ত দফা (জ) এর উল্লিখিত অযোগ্যতা কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না যেই ক্ষেত্রে-

(অ) চুক্তিটিতে অংশ বা স্বার্থ তাঁহার উত্তরাধিকারসূত্রে বা উইলসূত্রে প্রাপক, নির্বাহক বা ব্যবস্থাপক হিসাবে হস্তান্তরিত হয়, যদি না উহা হস্তান্তরিত হইবার পর ছয় মাস অতিবাহিত হয়; অথবা

(আ) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত কোন পাবলিক কোম্পানীর দ্বারা বা পক্ষে চুক্তিটি সম্পাদিত হইয়াছে যাহার তিনি একজন শেয়ারহোল্ডার মাত্র, তবে উহার অধীন তিনি কোন লাভজনক পদে অধিষ্ঠিত পরিচালকও নহেন ম্যানেজিং এজেন্টও নহেন; অথবা

(ই) তিনি কোন যৌথ হিন্দু পরিবারের সদস্য হিসাবে চুক্তিটিতে তাঁহার অংশ বা স্বার্থ নাই এইরূপ কোন স্বতন্ত্র ব্যবসা পরিচালনাকালে পরিবারের অন্য কোন সদস্য কর্তৃক চুক্তি সম্পাদিত হইয়া থাকে;

(ঝ) তাহার পরিবারের কোন সদস্য সংশ্লিষ্ট উপজেলার কার্য সম্পাদনে বা মালামাল সরবরাহের জন্য ঠিকাদার নিযুক্ত হন বা ইহার জন্য নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অংশীদার হন বা উপজেলার কোন বিষয়ে তাঁহার কোন প্রকার আর্থিক স্বার্থ থাকে;

ব্যাখ্যা।—দফা (ঝ) এর উদ্দেশ্য সাধনকল্পে ‘‘পরিবার’’ অর্থে সংশ্লিষ্ট ব্যক্তির উপর নির্ভরশীল তাহার পিতা, মাতা, ভাই, বোন, স্ত্রী, পুত্র ও কন্যাকে বুঝাইবে।

(ঞ) মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী রাখেনঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত নিজস্ব বসবাসের নিমিত্ত গৃহ-নির্মাণ অথবা ক্ষুদ্র কৃষি ঋণ ইহার আওতাভুক্ত হইবে না;

(ট) এমন কোন কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন যাহার কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ বা উহার কোন কিস্তি, মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখে পরিশোধে খেলাপী হইয়াছেন;

ব্যাখ্যা।– উপরি-উক্ত দফা (ঞ) ও (ট) এর উদ্দেশ্য সাধনকল্পে ''খেলাপী'' অর্থ ঋণ গ্রহীতা ছাড়াও যিনি বা যাঁহাদের স্বার্থ সংশ্লিষ্ট কোম্পানী বা ফার্ম Banker's Book of Account এ ঋণ খেলাপী হিসাবে চিহ্নিত আছে তাঁহাদেরকেও বুঝাইবে।

(ঠ) পরিষদের নিকট হইতে কোন ঋণ গ্রহণ করেন এবং তাহা অনাদায়ী থাকে;

(ড) সরকার কর্তৃক নিয়োগকৃত নিরীক্ষকের প্রতিবেদন অনুযায়ী নির্ধারিত দায়কৃত অর্থ পরিষদকে পরিশোধ না করিয়া থাকেন;

(ঢ) কোন সরকারি বা আধা-সরকারি দপ্তর, কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, সমবায় সমিতি বা প্রতিরক্ষা কর্ম বিভাগের চাকুরী হইতে নৈতিক স্খলন, দুর্নীতি, অসদাচরণ ইত্যাদি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া চাকুরীচ্যুত, অপসারিত বা বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং তাঁহার এইরূপ চাকুরীচ্যুতি, অপসারণ বা বাধ্যতামূলক অবসরের পর পাঁচ বৎসর কাল অতিক্রান্ত না হইয়া থাকে;

(ণ) উপজেলা পরিষদের তহবিল তসরূফের কারণে দণ্ডপ্রাপ্ত হন;

(ত) বিগত পাঁচ বৎসরের মধ্যে যে কোন সময়ে দণ্ডবিধির ধারা ১৮৯, ১৯২, ২১৩, ৩৩২,৩৩৩ ও ৩৫৩ এর অধীন দোষী সাব্যস্ত হইয়া সাজাপ্রাপ্ত হন;

(থ) জাতীয় বা আন্তর্জাতিক আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক যুদ্ধাপরাধী হিসাবে দোষী সাব্যস্ত হন;

(দ) কোন আদালত কর্তৃক ফেরারী আসামী হিসাবে ঘোষিত হন।

(৩) প্রত্যেক উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান প্রার্থী মনোনয়নপত্র দাখিলের সময় এই মর্মে একটি হলফনামা দাখিল করিবেন যে, উপ-ধারা (২) এর অধীন তিনি উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচনের অযোগ্য নহেন।]

৯। [৯][ **চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ] ও সদস্যগণের শপথ** ।-- (১) [১০][ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান] ও প্রত্যেক সদস্য তাঁহার কার্যভার গ্রহণের পূর্বে নিম্নলিখিত ফরমে সরকার কর্তৃক নির্ধারিত কোন ব্যক্তির সম্মুখে শপথ গ্রহণ বা ঘোষণা করিবেন এবং শপথপত্র বা ঘোষণাপত্রে স্বাক্ষর দান করিবেন, যথা:-

[১১][ শপথপত্র বা ঘোষণাপত্র

আমি.............................................................................................................

পিতা/স্বামী.................................................জেলা....................................................